গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
রাজস্ব শাখা
www.rangpur.gov.bd

নম্বর : ০৫.৫৫.৮৫০০.০০০.০১০.০৩.০০১৮.২২- ২৫৪০

তারিখ: ৩১ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

ফলকর ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন নিম্নবর্ণিত ফলকর বাগান ০১ পৌষ ১৪৩৩ বঙ্গাব্দ হইতে ৩০ অগ্রহায়ণ ১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০১ (এক) বৎসরব্যাপী ইজারা মেয়াদের জন্য ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ইজারাগ্রহীতাগণের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তে বন্ধ খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

০২। ইজারা সংক্রান্ত অন্যান্য তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের রাজস্ব শাখা হইতে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাইবে।

০৩। ফলকর বাগানের তফসিলঃ

ক্রমিক নং	জেলা ও উপজেলার নাম	ফলকরের নাম	মৌজার নাম: খতিয়ান নম্বর ও দাগ নম্বর	মোট আয়তন	প্রাক্কলিত মূল্য (টাকা)	মন্তব্য
০১	জেলা-রংপুর উপজেলা-মিঠাপুকুর	পলিপাড়া মাসিমপুর ফলকর	মৌজা-পলিপাড়া মাসিমপুর জেএল নং-৬৮ এসএ খতিয়ান-০১ আরএস খতিয়ান-০১ এসএ দাগ-১৮১ আরএস দাগ-৫৪৩, ৫৩৯	০.৭৫ একর (১২৮টি আমগাছ)	৬৩,৫২৫/- (তেষট্টি হাজার পাঁচশত পঁচিশ) টাকা	-

দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচিঃ

বিবরণ	দরপত্র বিক্রয়ের তারিখ		দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	দরপত্রের বাক্স খোলার তারিখ	দরপত্রের বক্স খোলার সময়	মন্তব্য
	হতে	পর্যন্ত					
১ম বার	২৬/১১/২০২৬	৩০/১১/২০২৬	০১/১২/২০২৬	সকাল ১০.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকা	০১/১২/২০২৬	দুপুর ২.০০ ঘটিকা	
২য় বার	০২/১২/২০২৬	০৩/১২/২০২৬	০৬/১২/২০২৬		০৬/১২/২০২৬		
৩য় বার	০৭/১২/২০২৬	০৮/১২/২০২৬	০৯/১২/২০২৬		০৯/১২/২০২৬		

শর্তাবলি

(ক) পলিপাড়া মাসিমপুর ফরকর দরপত্র ফরম জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরের রাজস্ব শাখা হইতে বা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মিঠাপুকুর, রংপুর হইতে ১০০০/- (এক হাজার) টাকা, নগদ প্রাপ্তি সাপেক্ষে অথবা জেলা প্রশাসক, রংপুরের নামে ব্যাংক হিসাবে জমা করিয়া জমা স্লিপ প্রদর্শনপূর্বক সংগ্রহ করা যাইবে।

(খ) দফা (ক) অনুসারে দরপত্রের মূল্য যেভাবেই পরিশোধ করা হউক না কেন উহা অফেরতযোগ্য হইবে।

(গ) জামানত হিসেবে দরপত্রে প্রদত্ত দরের ২০% (শতকরা বিশ ভাগ) অর্থ যে-কোনো তফসিলি ব্যাংকের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফটমূলে জেলা প্রশাসক, রংপুরের অনুকূলে দরপত্রের সহিত জমা প্রদান করিতে হইবে। ইজারাপ্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের দরপত্রের জামানতের অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করিতে হইবে। দরপত্র গৃহীত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিধি মোতাবেক ভ্যাট, আয়কর এবং ইজারামূল্যের অবশিষ্ট সমুদয় অর্থ নির্ধারিত কোডে চালানের মাধ্যমে আবশ্যিকভাবে পরিশোধ করিতে হইবে। অন্যথায় ইজারা বাতিলসহ জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে। ইজারামূল্যের সমুদয় অর্থ পরিশোধের পর ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ফরমে ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

(ঘ) কোনো দফায় কোনো দরপত্র দাখিল না হইলে, পরের দফার জন্য টেন্ডার বাক্স খোলা রাখা বা নির্ধারিত সাইটে অনলাইনে নির্দিষ্ট সময়ের মধ্যে দাখিলের জন্য উন্মুক্ত রাখা হইবে।

(ঙ) দরপত্রের আবশ্যকীয় অংশ অবশ্যই পূরণ করিতে হইবে ও প্রয়োজনীয় কাগজাদির ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

(চ) জামানত বাদে অবশিষ্ট ইজারা মূল্যের অর্থ প্রদানকালে মোট ইজারা মূল্যের উপর অনলাইনে, সরকার নির্ধারিত হারে, প্রযোজ্য ক্ষেত্রে, উৎসে কর ও মূল্য সংযোজন কর পরিশোধ করিতে হইবে।

(ছ) ইজারা মূল্যসহ সর্বসাকুল্যে টাকা পরিশোধ করিবার পর ইজারা চুক্তি স্বাক্ষরিত হইবে এবং অতঃপর দখলনামা জারি করা হইবে।

(জ) ফলকর ব্যবহারের ক্ষেত্রে বিবিধ সায়রাত মহাল সংরক্ষণ ও ব্যবস্থাপনা নীতিমালা, ২০২৬ অনুসরণ করিতে হইবে।

(ঝ) সরকার কর্তৃক, সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধানের আলোকে ইজারা কর্তৃপক্ষ যে-কোনো সময়ে বিবিধ সায়রাত মহাল ইজারার বিষয়ে যে-কোনো শর্ত আরোপ সংযোজন বা বিয়োজন করিতে পারিবে।

(ঞ) ইজারা কর্তৃপক্ষ, কোনো কারণ দর্শানো ব্যতিরেকে, সকল দরপত্র বা যে-কোনো দরপত্র বাতিল করিবার এবং পরবর্তীকালে ইজারা সংক্রান্ত শর্ত ভঙ্গ করা হইলে যে-কোনো সময়ে ইজারা চুক্তি বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে।

ইসরাত জাহান
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বিবিধ সায়রাত মহাল ব্যবস্থাপনা কমিটি
রংপুর
ফোন: ০২৫৮৯৯৬১০৪১
মেইল: dcrangpur@mopa.gov.bd

নম্বর : ০৫.৫৫.৮৫০০.০০০.০১০.০৩.০০১৮.২২- ২৬৪০(২৫)

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, "ভূমি ভবন" ৯৮, শহীদ তাজউদ্দীন আহমেদ সরণি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। পুলিশ সুপার, রংপুর
০৫। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ...(সকল), রংপুর (তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ স্থানীয় হাট-বাজার ও অন্যান্য জনাকীর্ণ এলাকায় ঢোল-শহরত ও মাইকিং করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৮। সহকারী কমিশনার (ভূমি), ...(সকল), রংপুর (তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ স্থানীয় হাট-বাজার ও অন্যান্য জনাকীর্ণ এলাকায় ঢোল-শহরত ও মাইকিং করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৯। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রংপুর (বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১১। অফিস কপি

(তানজিনা কবির)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা বিবিধ সায়রাত মহাল ব্যবস্থাপনা কমিটি
রংপুর
ফোন: ০২৫৮৬২৬৪৮
মেইল: rdcrangpurb@gmail.com